ফরিদপুরে ডেঙ্গুতে কলেজছাত্রের মৃত্যু

ফরিদপুরের ভাঙ্গায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে রবিন শিকদার (২০) নামে এক কলেজছাত্রের মৃত্যু হয়েছে। শুক্রবার দুপুরে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেলে তিনি মারা যান।

রবিন শিকদার উপজেলা পৌর সদরের ছিলাধরচর গ্রামের সৌদি আরব প্রবাসী আসাদ শিকদারের ছেলে। রবিন এ বছর কেএম কলেজ থেকে এইচএসসি পাস করেন।

নিহতের পরিবার জানায়, রবিন এক সপ্তাহ ধরে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হন। প্রথমে তাকে ভাঙ্গা হাসপাতালে চিকিৎসা দেয়া হয়। এরপর তাকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়।

তার শারীরিক অবস্থার অবনতি হলে মঙ্গলবার বিকালে তাকে ঢাকার ল্যাবএইড হাসপাতালে এবং সেখান থেকে বৃহস্পতিবার তাকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেলের আইসিইউতে লাইফ সাপর্টে রাখা হয়। পরে শুক্রবার দুপুরে মারা যান রবিন।

ভাঙ্গা স্বাস্থ্য কর্মকর্তা ডা. খালেদুর রহমান জানান, শুক্রবার দুপুর পর্যন্ত ভাঙ্গায় ১৩৭ জন রোগী ডেঙ্গুতে আক্রান্ত হয়েছে। এদের মধ্যে ২৩ জন ভর্তি থেকে চিকিৎসা নিয়েছে। অন্য ১১০ জন রোগীকে উন্নত চিকিৎসার জন্য ফরিদপুর ও ঢাকায় স্থানান্তর করা হয়েছে। এ পর্যন্ত ভাঙ্গায় রবিনসহ তিনজন রোগী ডেঙ্গুতে মারা গেল।